# রোজগারের নতুন ঠিকানা

**চেনা পেশার বাইরে অজানা আয়ের দুনিয়া! কয়েকটি ‘অদ্ভুত’ কাজে পাবেন হাজার হাজার টাকা উপার্জনের সুযোগ**

সোমা মজুমদার



একসময় মাসের শেষে বেতনের টাকাই ছিল সংসারের ভরসা। এখন পরিস্থিতি বদলেছে। বর্তমানে জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ, সবেতেই বাড়ছে খরচ। ক্রমশ শুধু মাসিক বেতনের উপর নির্ভর করে সংসার চালানো কঠিন হয়ে উঠছে। তাই তো ভবিষ্যতের আর্থিক নিরাপত্তার কথা মাথায় রেখে অনেকেই মূল পেশার পাশাপাশি অতিরিক্ত আয়ের পথ খুঁজছেন। তবে বাড়তি রোজগার বলতে এখন আর টিউশন, ফ্রিল্যান্সিং বা ছোটখাটো ব্যবসাকে বোঝায় না। প্রযুক্তির অগ্রগতির সঙ্গে তৈরি হয়েছে আয়ের নতুন নতুন সুযোগও। আজকাল এমন অনেক কাজ রয়েছে, যেগুলি শুনতে যতই অদ্ভুত লাগুক, এইসব কাজের মাধ্যমে বিশ্বের নানা প্রান্তে অনেকেই মোটা টাকা আয় করছেন। এর মধ্যে কিছু কাজ বাড়িতে বসেই করা যায়, আবার কয়েকটি কাজের জন্য দিনে মাত্র কয়েক ঘণ্টা সময় দিলেই চলে। আপনার দক্ষতা, আগ্রহ কিংবা অবসর সময়কে কাজে লাগিয়ে তৈরি করতে পারেন অতিরিক্ত আয়ের নতুন রাস্তা।

**পেশাদার ঘুমকাতুরে** শুনতে অবিশ্বাস্য লাগলেও বিভিন্ন সংস্থা নতুন ম্যাট্রেস, বালিশ বা ঘুমের মান নিয়ে গবেষণা করার জন্য ঘুমানোর বিনিময়ে টাকা দেয়। নির্দিষ্ট সময় ঘুমিয়ে নিজের অভিজ্ঞতা জানালেই পারিশ্রমিক পেতে পারেন।

**খাবারের স্বাদ পরীক্ষক** নতুন বিস্কুট, চকোলেট, পানীয় বা অন্য খাবার বাজারে আনার আগে সংস্থাগুলি কিছু মানুষের মাধ্যমে সেগুলির স্বাদ পরীক্ষা করায়। খাবারের স্বাদ, গন্ধ ও মান সম্পর্কে মতামত দিলেই আয় করা সম্ভব।

**ওয়েবসাইট বা অ্যাপ পরীক্ষা করা** অনেক সময় নতুন ওয়েবসাইট বা মোবাইল অ্যাপ চালুর আগে সাধারণ মানুষকে দিয়ে সেটি ব্যবহার করানো হয়। কোথায় সমস্যা হচ্ছে, ব্যবহার করতে সুবিধা হচ্ছে কিনা, এসব জানিয়ে দিলেই পারিশ্রমিক পাওয়া যায়। প্রযুক্তি সম্পর্কে খুব বেশি জ্ঞান না থাকলেও এই কাজ করা সম্ভব।

**অনলাইনে সমীক্ষায় অংশ নেওয়া** বিভিন্ন সংস্থা নতুন পণ্য বা পরিষেবা সম্পর্কে মতামত জানতে অনলাইন জরিপ চালায়। প্রতিটি সমীক্ষার জন্য খুব বেশি টাকা না মিললেও নিয়মিত অংশ নিলে ভাল অঙ্কের অতিরিক্ত আয় হতে পারে।

**নিজের জিনিস ভাড়া দেওয়া** আপনার বাড়িতে যদি অতিরিক্ত ঘর, গ্যারেজ, ক্যামেরা, সাইকেল বা অন্য কোনও ব্যবহারযোগ্য জিনিস থাকে, তাহলে তা ভাড়া দিয়ে অতিরিক্ত আয় করতে পারেন। বর্তমানে এই ধরনের পরিষেবার চাহিদা অনেক বেড়েছে।

**পোষ্য প্রাণীর দেখাশোনা** অনেকেই বেড়াতে গেলে বা অফিসের কাজে বাইরে গেলে তাঁদের পোষ্য প্রাণীকে দেখাশোনার জন্য নির্ভরযোগ্য মানুষের খোঁজ করেন। ভালবাসলে এই কাজ করেও ভাল রোজগার করা যায়।

**ডিজিটাল পণ্য বিক্রি** যাঁরা ডিজাইন, ছবি, নোট, ই-বুক বা বিভিন্ন ধরনের ডিজিটাল টেমপ্লেট তৈরি করতে পারেন, তাঁরা সেগুলি অনলাইনে বিক্রি করে দীর্ঘদিন আয় করতে পারেন। একবার তৈরি করা পণ্য বারবার বিক্রি হওয়ায় এটি ‘প্যাসিভ’ ইনকামের উৎস হতে পারে।

**কনটেন্ট বা ভয়েস রেকর্ডিং** বর্তমানে কৃত্রিম বুদ্ধিমত্তা, অডিওবুক, ভিডিও এবং ডিজিটাল প্ল্যাটফর্মের জন্য ভয়েস রেকর্ডিং, ছোট কনটেন্ট লেখা বা ডেটা লেবেলিংয়ের মতো কাজের চাহিদা দ্রুত বাড়ছে। বাড়িতে বসেই এই ধরনের কাজ করে অতিরিক্ত আয় করা সম্ভব।



### কাজ শুরুর আগে অবশ্যই মনে রাখবেন

যে কোনও অনলাইন কাজ শুরু করার আগে সংস্থার বিশ্বাসযোগ্যতা যাচাই করুন। কোনও সংস্থা যদি কাজ দেওয়ার আগে টাকা চায় বা অবাস্তব আয়ের প্রতিশ্রুতি দেয়, তাহলে সতর্ক থাকুন। নির্ভরযোগ্য প্ল্যাটফর্মে কাজ করলে এই অদ্ভুত পেশাগুলিও আপনার নিয়মিত বাড়তি আয়ের ভাল মাধ্যম হতে পারে। আজকের দিনে আয় বাড়ানোর জন্য সবসময় বড় ব্যবসা শুরু করতে হবে, এমন নয়। নিজের দক্ষতা, সময় এবং আগ্রহকে কাজে লাগিয়েও ছোট ছোট উপায়ে অতিরিক্ত রোজগার করা সম্ভব। তাই নতুন কিছু চেষ্টা করতে চাইলে এই পেশাগুলির মধ্যে আপনার জন্যও কোনও সুযোগ লুকিয়ে থাকতে পারে।

# সাজ-কাহনের সাতসতেরো

**নজরকাড়া হতে কীভাবে সাজবেন? রূপটানের চলতি ট্রেন্ডের হদিশ দিলেন**

পরমা দাশগুপ্ত



বাড়িতে গেটটুগেদার কিংবা অফিসে পার্টি। মাঝেসাঝের বিয়েবাড়ি। ক্যাফে-রেস্তোরাঁয় ডেট। কিংবা কারণ ছাড়া স্রেফ ইচ্ছে হল বলেই সেজে ওঠা। আর পুজোর দিনগুলো তো আছেই। মেয়েদের সাজের উপলক্ষ কি কম পড়িয়াছে? মোটেই না!

পোশাক-আশাক তো বটেই, আজকাল মেকআপের খুঁটিনাটিরও খবর রাখেন প্রায় সকলেই। কেমন মেকআপ কখন করতে হয় কিংবা কোন রূপটানে কতটা মোহময়ী লাগে— তাও নখদর্পণে। সে হয়তো কেউ একটু চড়া মেকআপ পছন্দ করেন, কেউ আবার একেবারে হালকা সাজেই নিজেকে নিজের মতো করে ফুটিয়ে তুলতে চান। তবু চলতি ট্রেন্ডে নিজেকে সাজিয়ে তুলে ভিড়ের মাঝে গিয়ে দাঁড়ানোর স্বাদ কিন্তু আজও আলাদা!

রূপটানের দুনিয়ায় তবে কোন কোন সাজ এখন ট্রেন্ডিং?

গ্লাস স্কিন – জনপ্রিয় কোরিয়ান মেকআপ-ট্রিক এখনও দাপটে রাজত্ব করছে এদেশে। কাচের মতো ঝকঝকে গ্লাস স্কিনের প্রেমে মজে থাকলে বেছে নিতে হবে আপনার ত্বকের রঙের চেয়ে এক টোন হালকা ফাউন্ডেশন বা স্কিন টিন্ট। সঙ্গে একটু ডিউই ফিনিশ সেটিং স্প্রে এবং মুখের হাড়ের উঁচু অংশগুলোয় (চিকবোন, কিউপিড’স বো, ভিতর দিককার কোণ) অল্প একটু লিক্যুইড হাইলাইটারের ছোঁয়া। ব্যস! তবে মনে রাখবেন, এই মেকআপ কিন্তু বাইরের রোদে ঘোরাঘুরির জন্য নয়, বরং চারদেওয়ালের ভিতরের উপযোগী।

**ব্লাশ ড্রেপিং** আবার সে এসেছে ফিরিয়া! আপনার সাধের ব্লাশ আবার নতুন করে ট্রেন্ডে ইন! তবে এক্ষেত্রে আগের মতো গাঢ় টানের বদলে গাল, কপাল বা কখনও সখনও নাকের উপর একটু চওড়া, মোলায়েম টানে স্বাস্থ্যোজ্জ্বল লুক তৈরি করাই এখন ইন। এদেশের মেয়েদের ত্বকের সঙ্গে সবচেয়ে মানায় ওয়ার্ম রোজ, ওয়ার্ম পিচ, টেরাকোটা বা ব্রিক টোন। পিঙ্ক বা ল্যাভেন্ডারের মতো রং এড়িয়ে যাওয়াই ভাল।

**লিপ কম্বো** ঠোঁটের মেকআপে টু টোন অ্যান্ড লাইন্ড লুকের যুগলবন্দির বাজার গরম। যে লিপস্টিক বেছে নিচ্ছেন, তার চেয়ে সামান্য আলাদা রঙে লিপলাইনার টানুন আপনার ঠোঁটের রেখার একটু বাইরে দিয়ে। এতেই টু টোন তৈরি হবে। ধরা যাক, আপনার লিপস্টিক হালকা বেরি শেডের। সেক্ষেত্রে লাইনার হতে হবে ডিপ প্লাম। কিংবা কফি রঙা লিপস্টিকে বেছে নিতে পারেন ন্যুড শেডের লাইনার।

**গ্রাফিক লাইনার** চোখের ইশারায় আরও কাবু করতে ফেলতে চান কাউকে? এ ট্রেন্ড তবে আপনার জন্যই। আগেকার চেনা টানের বদলে এবার লাইনারে আনুন জ্যামিতিক শেপ। চোখের ভাঁজের উপরটায় একটু ফ্লোটিং লাইন, ভিতরের কোণের দিকটায় একটু ডিটেল, ডবল উইং কিংবা চোখের রেখা বরাবর টান দিয়ে কোণগুলো বাদ রাখা ডিকনস্ট্রাক্টেড লাইন— যেমন খুশি বেছে নিন। ফর্সা বা মাঝারি রঙের ত্বকে কালো, ফরেস্ট গ্রিন, গাঢ় নীল ভাল দেখায়। শ্যামবর্ণারা বেছে নিতে পারেন ইলেকট্রিক ব্লু, গোল্ড বা কপার শেড।

**মোনোক্রোম্যাটিক লুক** এ সাজে একই রঙের নানা শেড বেছে নিন মুখের সব রকম অংশে। সবেতেই এক রং, এক শেড রাখতে চাইলে গাল, ঠোঁট এবং চোখের পাতা সবেতেই থাক টেরাকোটা কিংবা ডাস্টি রোজ। একটু আলাদা রকম শেডের পথে হাঁটতে চাইলে গাল এবং চোখের পাতায় বার্ন্ট অরেঞ্জের সঙ্গে কোরাল রঙা লিপস্টিক ভাল দেখাবে। তবে এই ধরনের লুকে আপনার ত্বকের মানানসই শেড বেছে নিন বাড়তি সতর্ক হয়ে। না হলে কিন্তু সব মাটি!

**ব্রোঞ্জড গ্লো** ত্বকের উপর রোদের ছোঁয়ায় কেমন উজ্জ্বল দেখায়, তাই না? ব্রোঞ্জার, ওয়ার্ম হাইলাইটার এবং উজ্জ্বল রঙা ব্লাশের মিলমিশে ঠিক সেটাই এনে দেয় এই মেকআপ ট্রেন্ড। সূর্যের আলো মুখে পড়লে ঠিক যে জায়গাগুলোয় পড়ে, অর্থাৎ কপাল, চিকবোন কিংবা নাকের ব্রিজ অংশ— সেখানেই রঙের ছোঁয়া এনে দেয় রোদ-ঝলমলে ভাব। ব্রোঞ্জারের সঙ্গে ওয়ার্ম গোল্ডেন বা কপার আন্ডারটোন বেছে নিন এই লুকের জন্য।



**ব্রাশড আপ ডিফাইন্ড ব্রাও** ফিরে এসেছে সুনির্দিষ্ট টানে আঁকা ভ্রূ। তবে আগের মতো নিখুঁত, তীক্ষ্ণ টান নয়। বরং একটু ভরাট, স্বাভাবিক ঘনত্বে এবং ব্রাশড আপ লুকে। ভ্রূ আঁকার সরু পেন্সিলের টান এবং ক্লিয়ার সেটিং জেল দিয়ে একটু উপর দিকে আঁচড়ে নেওয়া। তাতেই কামাল!

---


**পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক punjab national bank**

সার্কল অফিস: এসএএম- পূর্ব মেদিনীপুর
পদুমবসান, পোঃঅঃ- তমলুক
জেলা- পূর্ব মেদিনীপুর, পিন- ৭২১৬৩৬

**বিক্রয় প্রত্যাহার**

গত ১১.০৭.২০২৬ তারিখে এই সংবাদপত্রে প্রকাশিত **মিঃ অর্ধেন্দু বিকাশ মাইতি-র সম্পত্তি (ক্রম নং ৪)** সংক্রান্ত ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি, যা ২৮.০৭.২০২৬ তারিখে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল, **তা কিছু যান্ত্রিক ত্রুটির কারণে প্রত্যাহার করা হয়েছে।**

অন্যান্য সমস্ত বিষয় অপরিবর্তিত থাকবে, অসুবিধার জন্য আমরা দুঃখিত।

তারিখ: ২৮.০৭.২০২৬ স্বা/- অনুমোদিত আধিকারিক
স্থান: কলকাতা পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক



**আজকাল**

**কর্মখালি/ ব্যবসা/বাণিজ্য/ হারানো/প্রাপ্তি ইত্যাদি বিজ্ঞাপন**

১২টি শব্দ ২৫০ টাকা
অতিরিক্ত শব্দ ১৮ টাকা



**बैंक ऑफ़ बड़ौदा Bank of Baroda**

**আশ্রম মোড় শাখা**
২৪০, জি টি রোড ইস্ট, পশ্চিম বর্ধমান
আসানসোল, পশ্চিমবঙ্গ-৭১৩৩০১

**প্রতীকী দখল বিজ্ঞপ্তি (কেবলমাত্র স্থাবর সম্পত্তির জন্য)**

যেহেতু, ব্যাঙ্ক অফ বরোদার অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (৫৪/২০০২)-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে ০৩.১২.২০২৫ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ, ৩০.১১.২০২৫ তারিখের ভিত্তিতে **₹২৭,০৯,৯১৬.৬৩/- (সাতাশ লক্ষ নয় হাজার নশো ষোল টাকা এবং তেষট্টি পয়সা মাত্র), তৎসহ** ০১.১২.২০২৫ থেকে উদ্ভূত সুদ এবং অন্যান্য চার্জ পরিশোধের জন্য **ঋণগ্রহীতাগণ মিসেস শম্পা যাদব (ঋণগ্রহীতা) এবং মিঃ শের বাহাদুর যাদব (সহ-ঋণগ্রহীতা),** ঠিকানা: সারদা পল্লী, রেল গেট শিব মন্দির, বার্নপুর, আসানসোল-৭১৩৩২৫-এর প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত উক্ত ঋণগ্রহীতার জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসের রুল ৮-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **২২ জুলাই, ২০২৬** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতাকে উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন ৩০.১১.২০২৫ তারিখের ভিত্তিতে **₹২৭,০৯,৯১৬.৬৩/- (সাতাশ লক্ষ নয় হাজার নশো ষোল টাকা এবং তেষট্টি পয়সা মাত্র)** + ০১.১২.২০২৫ থেকে পরিশোধের তারিখ পর্যন্ত উদ্ভূত সুদ এবং অন্যান্য চার্জ সমেত ব্যাঙ্ক অফ বরোদা, আশ্রম মোড় আসানসোল শাখা, জেলা পশ্চিম বর্ধমান-এর প্রতি দায় সাপেক্ষ হবে।

সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

**স্থাবর সম্পত্তির বিবরণ (সেরসাই আইডি: ৪০০০২৭৪৭৯০৮৭)**

জমি ও বাড়ির সমবন্ধক, মৌজা বরতোরিয়া, জে এল নং ০৮, আর এস এবং এল আর প্লট নং ৬৫০, আর এস খতিয়ান নং ৫৪৬, থানা আসানসোল, আসানসোল পুরসভার অধীন, মাপ ১৪৪০ বর্গফুট, মিঃ শের বাহাদুর যাদব এর নামে।
বাস্তবিক যাচাইকরণ অনুসারে সম্পত্তি চৌহদ্দি : উত্তর- বিক্রেতার জমি; দক্ষিণ- ৬ ফুট চওড়া রাস্তা; পূর্ব- বিক্রেতার জমি; পশ্চিম- বিক্রেতার জমি।

তারিখ: ২২.০৭.২০২৬ অনুমোদিত আধিকারিক
স্থান: আসানসোল ব্যাঙ্ক অফ বরোদা



**बैंक ऑफ़ बड़ौदा Bank of Baroda**

**দুর্গাপুর বেনাচিতি শাখা**
নাচন রোড, জেলা পশ্চিম বর্ধমান, পিন-৭১৩২১৩

**দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)**

যেহেতু, **ব্যাঙ্ক অফ বরোদার অনুমোদিত আধিকারিক** রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২(৫৪/২০০২)-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে ০১.০৬.২০২৪ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ, ২৫.০৫.২০২৪ তারিখের ভিত্তিতে **₹৩৯,৫৪,৭৯০.১০/- (উনচল্লিশ লক্ষ চুয়ান্ন হাজার সাতশো নব্বই টাকা এবং দশ পয়সা মাত্র) + ২৬.০৫.২০২৪** উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ পরিশোধের জন্য ঋণগ্রহীতা(গণ) **(১) মেসার্স এস কে বিশ্বাস অ্যান্ড কোং, প্রোপ্রাইটর-মিঃ সমর কুমার বিশ্বাস,** ঠিকানা : মোহিসকাপুর পিএলটি, জে কে পাল লেন, বেনাচিতি, দুর্গাপুর, পিন-৭১৩২১৩ **(২) মিঃ সমর কুমার বিশ্বাস (মেসার্স এস কে বিশ্বাস অ্যান্ড কোং এর প্রোপ্রাইটর),** ঠিকানা: মোহিসকাপুর পিএলটি, জে কে পাল লেন, বেনাচিতি, দুর্গাপুর, পিন-৭১৩২১৩ **(৩) মিঃ সৌরভ বিশ্বাস (জামিনদার)** ঠিকানা: মোহিসকাপুর পিএলটি, জে কে পাল লেন, বেনাচিতি, দুর্গাপুর, পিন-৭১৩২১৩-এর প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত উক্ত ঋণগ্রহীতার জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসের রুল ৮-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **২২ জুলাই, ২০২৬** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির বাস্তবিক দখল নিয়েছেন।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতাকে উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন ২২.০৭.২০২৬ তারিখের ভিত্তিতে **₹৩৫,৫১,৫১৩.১৯/- (পঁয়ত্রিশ লক্ষ একান্ন হাজার পাঁচশো তেরো টাকা এবং উনিশ পয়সা মাত্র), তৎসহ** ২৩.০৭.২০২৬ থেকে পরিশোধের তারিখ পর্যন্ত উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ সমেত ব্যাঙ্ক অফ বরোদা, দুর্গাপুর বেনাচিতি শাখা, জেলা পশ্চিম বর্ধমান এর প্রতি দায় সাপেক্ষ হবে।

সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

**স্থাবর সম্পত্তির বিবরণ**

৩.৭৫ কাঠা জমি সহ আবাসিক বিল্ডিংয়ের সমবন্ধক, আর এস প্লট নং ৪৬৩, এল আর প্লট নং ১৭৪৬, আর এস খতিয়ান নং ১২৪২, ১০৭, নবপল্লী, মৌজা বেনাচিতি, থানা অরবিন্দ, দুর্গাপুর, জেলা পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ-৭১৩২১৩, অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রার দুর্গাপুরে নথিভুক্ত ২৭.০৯.১৯৯৫ তারিখের দলিল নং ৪৪৯৬ অনুসারে মিঃ সমর কুমার বিশ্বাস এবং মিঃ সৌরভ বিশ্বাস (প্রয়াত রুবি বিশ্বাসের আইনি উত্তরাধিকারী) এর নামে। চৌহদ্দি: উত্তর: মিঃ এস সি বিশ্বাসের বাড়ি; দক্ষিণ: মিঃ বিকাশ সেনগুপ্তর বাড়ি; পূর্ব: রাস্তা; পশ্চিম: চার্চ।

তারিখ: ২২.০৭.২০২৬ অনুমোদিত আধিকারিক
স্থান: দুর্গাপুর ব্যাঙ্ক অফ বরোদা



**पंजाब नैशनल बैंक ...भरोसे का प्रतीक ! punjab national bank ...the name you can BANK upon!**

**২৪.০৮.২০২৬ তারিখের ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি**

**সার্কল অফিস, স্ট্রেসড অ্যাসেট ম্যানেজমেন্ট ডিভিশন, দুর্গাপুর (সিও এসএএমডি দুর্গাপুর)
নাচন রোড, বেনাচিতি, দুর্গাপুর, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ। ই-মেল: codgprec@pnb.bank.in**

**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

**ইএমডি (বায়না জমা) এবং নথিপত্র দাখিলের শেষ তারিখ ও সময়: সংশ্লিষ্ট নিলামের তারিখ ২৪.০৮.২০২৬, দুপুর ২টো পর্যন্ত**

**সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২) অধীনে এই ব্যাঙ্কে বন্ধক রাখা স্থাবর সম্পত্তি বিক্রি।**

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ করা নিম্নোক্ত বিবরণযুক্ত এবং সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক/ প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর থেকে ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

**স্থাবর সম্পত্তিগুলির বিবরণ [সম্পত্তিগুলি সুরক্ষিত ঋণদাতার গঠনমূলক / বাস্তবিক দখলে রয়েছে]**

| ক্রম নং | শাখার নাম / অ্যাকাউন্টের নাম, ঋণগ্রহীতা/ জামিনদারের নাম ও ঠিকানা | বন্ধক রাখা স্থাবর সম্পত্তিগুলির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম [সম্পত্তি(গুলি)র বন্ধকদাতার নাম] এবং দখলের প্রকৃতি | ক) ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ<br>খ) দখলের তারিখ<br>গ) ১৩(২) নোটিসের তারিখে বকেয়া | ক) সংরক্ষণ মূল্য<br>খ) ইএমডি<br>গ) বিড বাড়ানোর মূল্য (টাকার অঙ্কে) | ই-নিলামের তারিখ ও সময় | সুরক্ষিত ঋণদাতার জানা দায় সম্পর্কিত তথ্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | **শাখা অফিস: ০০৩২০০- আসানসোল, ব্যাস্টিন বাজার**<br>**অ্যাকাউন্ট: মহঃ শাহিদ পারভেজ**<br>**ঋণগ্রহীতা/ জামিনদার:**<br>**মহঃ শাহিদ পারভেজ,** পিতা- প্রয়াত মহম্মদ ইব্রাহিম, রেলপাড়, চরবি মহল্লা, কে টি রোড, আসানসোল-৭১৩৩০১<br>**জাহিদা খাতুন,** স্বামী- প্রয়াত মহম্মদ ইব্রাহিম, রেলপাড়, চর্বি মহল্লা, কে টি রোড, আসানসোল-৭১৩৩০১<br>**মহঃ আরিফ রাজা বেদিল,** পিতা- প্রয়াত মহম্মদ ইব্রাহিম, রেলপাড়, চরবি মহল্লা, কে টি রোড, আসানসোল-৭১৩৩০১<br>**মহঃ আরশাদ পারভেজ,** পিতা- প্রয়াত মহম্মদ ইব্রাহিম, রেলপাড়, চরবি মহল্লা, কে টি রোড, আসানসোল-৭১৩৩০১<br>**মহঃ রিয়াজ আহমেদ,** পিতা- প্রয়াত মহম্মদ ইব্রাহিম, রেলপাড়, চরবি মহল্লা, কে টি রোড, আসানসোল-৭১৩৩০১ | নিম্নোক্ত জমি এবং দোতলা বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- আসানসোল, জেলা- পশ্চিম বর্ধমান, জে এল নং ২০, খতিয়ান নং ৪০৩২, সি এস প্লট নং ৪৭৪৬, রেলপাড়, চরবি মহল্লা, আসানসোল, জমির পরিমাপ- ৩.৫০ ডেসিমেল, ১৯৬২ সালের দলিল নং ৩২১৬ অনুযায়ী সম্পত্তির যৌথ স্বত্বাধিকারী: জাহিদা খাতুন, মহঃ শাহিদ পারভেজ, রিয়াজ আহমেদ, আরিফ রাজা বেদিল এবং আরশাদ পারভেজ।<br>**প্রপার্টি আইডি: PUNB82220056**<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]** | ক) ১৯.০৭.২০১৮<br>খ) ০৬.১০.২০১৮<br>গ) ₹১৩,১৩,৬৬৭.০০ (তেরো লক্ষ তেরো হাজার ছশো সাতষট্টি টাকা মাত্র), ওপরের নোটিসে উল্লেখমতো, তৎসহ সর্বশেষ তারিখ পর্যন্ত সুদ | ক) ₹২২.১৯ লক্ষ<br>খ) ₹২.২২ লক্ষ<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৮.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে | বর্তমানে ব্যাঙ্কের জানা নেই |
| ২ | **শাখা অফিস: ০২০৪২০- কোক ওভেন**<br>**অ্যাকাউন্ট: নীলকণ্ঠ হালদার**<br>**ঋণগ্রহীতা/ জামিনদার/ অংশীদার:**<br>**শ্রী নীলকণ্ঠ হালদার এবং**<br>**শ্রীমতী শুক্লা হালদার**<br>ঠিকানা: গোপালপুর, উত্তরপাড়া, সুকান্ত পল্লী, দুর্গাপুর, পশ্চিম বর্ধমান, পিন-৭১৩২১২ | নিম্নোক্ত আবাসিক জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: আর এস প্লট নং ৬১৩৫/৬৯০৮, খতিয়ান নং ১৭৬৭ ও ৩৭৮৯, এল আর খতিয়ান নং ৩৮৩৩, জে এল নং ৬৫, জমির পরিমাপ- সামান্য কমবেশি ৫ কাঠা, মৌজা- গোপালপুর, পোঃঅঃ- পানাগড়, থানা- কাঁকসা, জেলা- পশ্চিম বর্ধমান, ২০০০ সালের দলিল নং I-২০৩৯ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী নীলকণ্ঠ হালদার।<br>**প্রপার্টি আইডি: PUNBABA40420300**<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]** | ক) ০৯.০৭.২০২১<br>খ) ১৯.১০.২০২১<br>গ) ₹১৭,৮৩,১৬৫.২০ (সতেরো লক্ষ তিরাশি হাজার একশো পঁয়ষট্টি টাকা এবং কুড়ি পয়সা মাত্র), ওপরের নোটিসে উল্লেখমতো, তৎসহ সর্বশেষ তারিখ পর্যন্ত সুদ | ক) ₹৩৪.০৬ লক্ষ<br>খ) ₹৩.৪১ লক্ষ<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৮.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে | বর্তমানে ব্যাঙ্কের জানা নেই |
| ৩ | **শাখা অফিস: ২০৬৮২০- রূপনারায়ণপুর**<br>**অ্যাকাউন্টের নাম: দীপঙ্কর সাহা এবং চন্দ্রাবলী সাহা**<br>**ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা:**<br>**মিঃ দীপঙ্কর সাহা,** পিতা- দীপক কুমার সাহা, নেতাজি কলোনি, কালীসাঁকো, সালানপুর, কালীসাঁকো, বর্ধমান, রূপনারায়ণপুর, পশ্চিমবঙ্গ-৭১৩৩৩৫<br>**মিসেস চন্দ্রাবলী সাহা,** স্বামী- দীপঙ্কর সাহা, নেতাজি কলোনি, পোঃঅঃ- সিয়াকুলবেড়িয়া, জেলা- বর্ধমান, পশ্চিমবঙ্গ-৭১৩৩৩৫ | নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জেলা- বর্ধমান, থানা- সালানপুর, মহকুমা- আসানসোল, এডিএসআর অফিস- কুলটি, মৌজা- কালীসাঁকো, জে এল নং ৪৮, আর এস এবং এল আর দাগ নং ১৩১, আর এস খতিয়ান নং ৬৪, এল আর খতিয়ান নং ২৬২, এলওপি নং ১৬৫, বাস্তু জমির পরিমাপ- ৪.১৪ কাঠা, ২০১৪ সালের দলিল নং I-৩৪৩৯ অনুসারে সম্পত্তির স্বত্বধারক: দীপঙ্কর সাহা, পিতা- দীপক কুমার সাহা।<br>**প্রপার্টি আইডি: PUNB7B949712725**<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]** | ক) ১৩.০১.২০২৫<br>খ) ০৮.০৪.২০২৫<br>গ) ₹৭,৭৭,০৭২.০০ (সাত লক্ষ সাতাত্তর হাজার বাহাত্তর টাকা মাত্র), ওপরের নোটিসে উল্লেখমতো | ক) ₹১৩.৮৯ লক্ষ<br>খ) ₹১.৩৯ লক্ষ<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৮.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে | বর্তমানে ব্যাঙ্কের জানা নেই |
| ৪ | **শাখা অফিস: ০২০২২০- আসানসোল**<br>**অ্যাকাউন্টের নাম: হোদা ফুটওয়্যার**<br>**ঋণগ্রহীতা/ প্রোপ্রাইটর/ জামিনদার:**<br>**হোদা ফুটওয়্যার**<br>**ঋণগ্রহীতা/ জামিনদার: হোদা ফুটওয়্যার**<br>**প্রযত্নে- সাহিদ হোদা আনসারি,** ৭১এন, ব্যাস্টিন বাজার বাই লেন, আসানসোল, পশ্চিমবঙ্গ, পিন-৭১৩৩০১<br>**সাহিদ হোদা আনসারি,** ৭১এন, ব্যাস্টিন বাজার বাই লেন, আসানসোল, পশ্চিমবঙ্গ, পিন-৭১৩৩০১<br>**রুস্তম জাভেদ আনসারি,** ৭১এন, ব্যাস্টিন বাজার বাই লেন, আসানসোল, পশ্চিমবঙ্গ, পিন-৭১৩৩০১ | ‘ইউসুফ মঞ্জিল’ নামক জি+২ তলবিশিষ্ট বহুতল বিল্ডিংয়ের ফার্স্ট ফ্লোরে সামান্য কমবেশি ১৪২.২২ বর্গফুট মাপের একটি বাণিজ্যিক গোডাউনের অপরিহার্য সমগ্র পরিমাণ, তৎসহ উক্ত বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ, বিল্ডিংয়ের সাধারণ চলাচলের পরিসর, সিঁড়ি, লবি ইত্যাদি সুপার বিল্ট আপ এরিয়ার সমানুপাতিক অংশ পরিমাণ ভোগদখলের সমানাধিকার যার স্থিতি ও বিবরণ: হোল্ডিং নং ২৬/২৬, বি বি রোড, আসানসোল পুরনিগমের ১১ নং (পুরনো) ও ৪৬ নং (নতুন) ওয়ার্ডের এলাকাধীন, থানা- আসানসোল, ব্যাস্টিন বাজার রোড, মৌজা- আসানসোল, জে এল নং ২০, আর এস খতিয়ান নং ৯৩০, আর এস প্লট নং ৯১২০, ৯১২৪। ২০১২ সালের দলিল নং I-৪৫৪৫ অনুসারে সম্পত্তির রেজিস্টার্ড যৌথ স্বত্বাধিকারী মিঃ সাহিদ হোদা আনসারি ও মিঃ রুস্তম জাভেদ আনসারি, উভয়ের পিতা- প্রয়াত সামসুল হোদা আনসারি।<br>**প্রপার্টি আইডি: PUNBABA40452042**<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]** | ক) ১৯.০৬.২০২৪<br>খ) ১৯.১২.২০২৪<br>গ) ₹১৪,৩৪,৫৭৫.৯৪ (চোদ্দ লক্ষ চৌত্রিশ হাজার পাঁচশো পঁচাত্তর টাকা এবং চুরানব্বই পয়সা মাত্র), ওপরের নোটিসে উল্লেখমতো | ক) ₹১১.৩৫ লক্ষ<br>খ) ₹১.১৪ লক্ষ<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৮.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে | বর্তমানে ব্যাঙ্কের জানা নেই |
| ৫ | **শাখা অফিস: ২০৬৮২০- রূপনারায়ণপুর**<br>**অ্যাকাউন্টের নাম: চন্দ্রাবলী সাহা**<br>**ঋণগ্রহীতা/ প্রোপ্রাইটর/ জামিনদার:**<br>**মিসেস চন্দ্রাবলী সাহা,** স্বামী- দীপঙ্কর সাহা, নেতাজি কলোনি, পোঃঅঃ- সইকুলবেড়িয়া, থানা- সালানপুর, আসানসোল-৭১৩৩৩৫<br>**দীপঙ্কর সাহা,** নেতাজি কলোনি, পোঃঅঃ- সইকুলবেড়িয়া, থানা- সালানপুর, আসানসোল-৭১৩৩৩৫ | সামান্য কমবেশি ৭.৬ ডেসিমেল জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- কালীসাঁকো, জে এল নং ৪৮, আর এস প্লট নং ১৩১, এল আর প্লট নং ১৩১, এল আর খতিয়ান নং ২৬২ (দলিল অনুসারে) এবং এল আর খতিয়ান নং ৬২৯ (পরচা অনুসারে), থানা- সালানপুর, কল্যা গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, এলওপি নং ১৬৫, কালীসাঁকো আসানসোল, জেলা- পশ্চিম বর্ধমান। এডিএসআর- কুলটি সমীপে রেজিস্টার্ড ১০.১২.২০২১ তারিখের দান দলিল নং ৪৭৩২ অনুসারে সম্পত্তির স্বত্বাধিকারিণী চন্দ্রাবলী সাহা।<br>**প্রপার্টি আইডি: PUNB7B953414502**<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]** | ক) ২০.০৭.২০২৪<br>খ) ২১.১২.২০২৪<br>গ) ₹১৯,৩২,২০৬.৩১ (উনিশ লক্ষ বত্রিশ হাজার দুশো ছয় টাকা এবং একত্রিশ পয়সা মাত্র), ওপরের নোটিসে উল্লেখমতো | ক) ₹৫.৮২ লক্ষ<br>খ) ₹০.৫৮ লক্ষ<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৮.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে | বর্তমানে ব্যাঙ্কের জানা নেই |
| ৬ | **শাখা অফিস: ০৩০৫১০- আসানসোল**<br>**অ্যাকাউন্টের নাম: শেখ ইমতিয়াজ আলম**<br>**ঋণগ্রহীতা/ জামিনদার/ অংশীদার:**<br>**শেখ ইমতিয়াজ আলম**<br>বিএফ মাজহার কোর্ট, আপার চেলিডাঙ্গা, ইউসি ডাঙ্গা, আসানসোল, পিন-৭১৩৩০৪ | ‘সুনীতা অ্যাপার্টমেন্ট’-এর জমি এবং ১৯৫ বর্গফুট মাপের একটি আচ্ছাদিত গ্যারাজের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জে এল নং ২০, আর এস খতিয়ান নং ৯২৮৪ ও ৯২৯৭, প্লট নং আর এস ৩৯৮৫, সি এস ২০১৯ ও ২০২০, হোল্ডিং নং ৮৮৯ (এন), হিল ভিউ নর্থ (হিল ভিউ চার্চের কাছে), আসানসোল-৭১৩৩০৪, জেলা- পশ্চিম বর্ধমান, ওয়ার্ড নং ০৬/৪৯। ২০১৮ সালের দলিল নং ৪৯১ অনুসারে সম্পত্তির স্বত্বধারক: শেখ ইমতিয়াজ আলম।<br>**প্রপার্টি আইডি: PUNB82220174**<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]** | ক) ০৮.০৯.২০২১<br>খ) ০৯.১২.২০২১<br>গ) ₹৯,৫১,৯৬৬.১৫ (নয় লক্ষ একান্ন হাজার নশো ছেষট্টি টাকা এবং পনেরো পয়সা মাত্র), ওপরের নোটিসে উল্লেখমতো | ক) ₹৩.৭৮ লক্ষ<br>খ) ₹০.৩৮ লক্ষ<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৮.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে | বর্তমানে ব্যাঙ্কের জানা নেই |
| ৭ | **শাখা অফিস: ২১৩৩১০- শিলামপুর**<br>**অ্যাকাউন্ট: দীপা ঘোষ**<br>**ঋণগ্রহীতা/ জামিনদার/ অংশীদার:**<br>**দীপা ঘোষ,** পিতা- রাম নারায়ণ মিত্র<br>নায়েক পাড়া, মানকর, পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ-৭১৩১৪৪ | নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- মানকর, জে এল নং ১৩৪, খতিয়ান নং ৬৭২৬, এল আর খতিয়ান নং ৮০৭৭, বর্তমান এল আর খতিয়ান নং ৮৪৩৭, আর এস এবং এল আর দাগ নং ১২৯০, জমির পরিমাপ ২.৫ ডেসিমেল, এডিএসআর- মানকর-এর অধিক্ষেত্রাধীন, থানা- বুদবুদ, জেলা- পূর্ব বর্ধমান, দলিল নং I-২৩৫/২০২৪ অনুসারে সম্পত্তির মালিকানা দীপা ঘোষ-এর নামে।<br>**প্রপার্টি আইডি: PUNBCW462422491**<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]** | ক) ২৩.০৭.২০২৫<br>খ) ১৮.১০.২০২৫<br>গ) ₹১৩,৭৭,৬৫৪.০০ (তেরো লক্ষ সাতাত্তর হাজার ছশো চুয়ান্ন টাকা মাত্র), ওপরের নোটিসে উল্লেখমতো | ক) ₹৩.৭৮ লক্ষ<br>খ) ₹০.৩৮ লক্ষ<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৮.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে | বর্তমানে ব্যাঙ্কের জানা নেই |
| ৮ | **শাখা অফিস: ৪৭৩৬০০- পাণ্ডবেশ্বর**<br>**অ্যাকাউন্ট: সুব্রত নিয়োগী**<br>**ঋণগ্রহীতা/ জামিনদার/ অংশীদার:**<br>**শ্রী সুব্রত নিয়োগী,** পিতা- প্রয়াত সঞ্জীব নিয়োগী **এবং**<br>**শ্রীমতী বন্দনা নিয়োগী**<br>ঠিকানা: রামনগর, গ্রাম ও পোঃঅঃ- পাণ্ডবেশ্বর, পিন-৭১৩৩৪৬ | নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- বৈদ্যনাথপুর, জে এল নং ৫, খতিয়ান নং ১৪০৭, ৩৬৭ ও ২৬০৯, আর এস এবং এল আর দাগ নং ৬৩০/১৮৭, জমির পরিমাপ- ৩.৫০ কাঠা, এডিএসআর- রানিগঞ্জ, পাণ্ডবেশ্বর, বৈদ্যনাথপুর গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, জেলা- পশ্চিম বর্ধমান, পিন-৭১৩৩৪৬, ০৬.০১.২০১৫ তারিখের দলিল নং I-৬৩ অনুযায়ী অনুযায়ী সম্পত্তির রেজিস্টার্ড স্বত্বাধিকারী শ্রী সুব্রত নিয়োগি, পিতা- প্রয়াত সঞ্জীব নিয়োগী।<br>**প্রপার্টি আইডি: PUNBOVC10328495**<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]** | ক) ০৪.০২.২০২২<br>খ) ০৬.০৯.২০২৩<br>গ) ₹১০,২৮,৮৯৬.৫৯ (দশ লক্ষ আঠাশ হাজার আটশো ছিয়ানব্বই টাকা এবং উনষাট পয়সা মাত্র), ওপরের নোটিসে উল্লেখমতো, তৎসহ সর্বশেষ তারিখ পর্যন্ত সুদ | ক) ₹৩১.৩৭ লক্ষ<br>খ) ₹৩.১৪ লক্ষ<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৮.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে | বর্তমানে ব্যাঙ্কের জানা নেই |

**শর্ত ও নিয়মাবলি:**

এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষ হবে:

১. সম্পত্তিগুলি **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’** এবং **‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।
২. ওপরের তফসিলে প্রদত্ত সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হয়েছে। তবে এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।
৩. এই বিক্রি **২৪.০৮.২০২৬ তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে https://www.baanknet.com** ওয়েবসাইটে দেওয়া ই-নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা আয়োজিত হবে।
৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://www.baanknet.com** ওয়েবসাইট দেখুন।
৫. বিক্রির শর্ত ও নিয়মাবলি সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে আগ্রহী বিডারগণ অনুগ্রহপূর্বক এই ব্যক্তির সঙ্গে যোগাযোগ করবেন: **এস বালাজি (চিফ ম্যানেজার), মোবাইল:** ৯৮৩১৭৭৯৭৮০।

**সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট অ্যামেন্ডমেন্ট রুলস, ২০০২-এর রুল ৯(১) অধীনে ১৫ দিনের বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি**

তারিখ: ২৭.০৭.২০২৬ মিঃ এস বালাজি
স্থান: দুর্গাপুর চিফ ম্যানেজার এবং অনুমোদিত আধিকারিক, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

**সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর রুল রুল ৯(১) অধীনে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি**